

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৯৭

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

বিলাসপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরে টি-থ্রি ক্যাম্প

উনকোটি জেলার অন্তর্গত কনিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন বিলাসপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরে গত ১২ নভেম্বর, ২০২৪ টি-থ্রি ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে ২০ জন এলাকাবাসী উপস্থিত ছিলেন। এদের মধ্যে রক্তে হিমোগ্লোবিনের মাত্রা পরীক্ষা করা হয় ১৪ জনের। উক্ত অনুষ্ঠানে স্বাস্থ্যকর্মীরা ম্যালেরিয়া প্রতিরোধে ওষুধযুক্ত মশারী ব্যবহারের প্রয়োজনীয়তা, যক্ষ্মা রোগের লক্ষণ, প্রতিকার ও প্রতিরোধের উপায়, আয়রনযুক্ত খাবারের প্রয়োজনীয়তা, নিয়মিত টিকাকরণের গুরুত্ব ইত্যাদি নিয়ে সচেতনতামূলক আলোচনা করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কনিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের হোমিও চিকিৎসক ডাঃ প্রশান্ত ধর, বিলাসপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের এএনএম নির্মালা সিনহা, এমপিডব্লিউ অভিজিৎ দেব, ফার্মাসিস্ট গৌরাজ বৈদ্য ও এলাকার আশাকর্মী। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
